ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

24 July 2026 7:45 PM IST

==========================================================================

১) নীটের প্রশ্নপত্র ফাঁস এবং ছাত্র-ছাত্রীদের প্রতিবাদকে কেন্দ্র করে বিরোধী দলগুলির সৃষ্টি করা অচলাবস্থার পরিপ্রেক্ষিতে আজ টানা পঞ্চম দিনের জন্য সংসদের উভয় সভার কাজ-কর্ম ব্যাহত ।

২) প্রশ্নপত্র ফাঁসের পরিপ্রেক্ষিতে এন টি এ এবং কেন্দ্রীয় সরকার কি কি সংস্কারমূলক পদক্ষেপ নিয়েছে সে বিষয়ে সুপ্রীম কোর্টের উভয়কে হলফনাম জমা দেওয়ার নির্দেশ ।

৩) আপার আসামের বন্যা পরিস্থিতি আজও অপরিবর্তীত । বন্যায় ২ হাজার ২৩টি গ্রামের ১০ লক্ষের অধিক লোক ক্ষতিগ্রস্থ ।

৪) দেশের বিভিন্ন অংশের সঙ্গে বারক উপত্যকায়ও ধর্মীয় উৎসাহ উদ্দিপনায় উল্টোরথ ।

---

নীটের প্রশ্নপত্র ফাঁস এবং ছাত্র-ছাত্রীদের প্রতিবাদকে কেন্দ্র করে বিরোধী দলগুলির সৃষ্টি করা অচলাবস্থার পরিপ্রেক্ষিতে আজ টানা পঞ্চমদিনের জন্য সংসদের উভয় সভার স্বাভাবিক কাজ-কর্ম ব্যহত হয়েছে । আজ প্রথমবার সভা স্থগিত রাখার পর দুপুর ১২টায় লোকসভা পুনরায় মিলিত হওয়ার

সময় সংসদীয় পরিক্রমা দপ্তরের মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে নীট প্রশনপত্র ফাঁস হওয়ার বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সরকার প্রথম দিন থেকেই প্রস্তুত কংগ্রেস দলের উত্থাপন করা বেশ কয়েকটি শর্তের জন্যই আলোচনা প্রক্রিয়া আরম্ভ করা সম্ভব হয় নি বলে উল্লেখ করে তিনি বলেন যে বিষয়টি নিয়ে যুক্তিসঙ্গত আলোচনা সম্পন্ন করতে হলে প্রত্যেক সদস্যকেই প্রয়োজনীয় ভূমিকা গ্রহণ করতে হবে । এই ক্ষেত্রে কঠোর আইন প্রবর্তন করা হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে নিশ্চিত করেছেন বলেও তিনি উল্লেখ করেন । নীট নিয়ে প্রতিবাদে অংশ গ্রহণ করা বিশিষ্ট ব্যাক্তিরাও আলোচনার পোষকতা করেছেন বলে উল্লেখ করে শ্রী রিজিজু বলেন যে এর পরও বিরোধী দলের সদস্যরা আলোচনার টেবিলে বসতে চাইছেন না যা কোন ভাবেই দেশবাসীর কাছে ইতিবাচক বার্তা প্রেরণ করছে না । কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকে প্রশ্নপত্র ফাঁস হওয়ার বিষয়টি নিয়ে কঠোর আইন প্রণয়ন করা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে উল্লেখ করে তিনি বিরোধী দলনেতা রাহুল গান্ধীকে আলোচনায় বসার অনুরোধ জানান । ওই সময় সভা পরিচালনার দায়িত্বে থাকা জগদম্বিকা পাল যদিও বিরোধী দলের সদস্যদের সভা পরিচালনা করার কাজে সহযোগিতা করার আহ্বান জানান তবে সভায় হুলুস্থুল পরিস্থিতি অব্যাহত থাকায় তিনি আজকের সভার কাজ-কর্ম স্থগিত করার কথা ঘোষণা করে বলেন যে আগামী সোমবার সভা পুনরায় মিলিত হবে ।

অন্যদিকে , বেলা ১১টায় রাজ্যসভার কাজ শুরু হলে কারগিল যুদ্ধে শহীদ সেনাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় । রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন বলেন যে সমগ্র দেশ সেই সাহসী সেনাদের সম্মান জানায় যারা দেশের সার্বভৌমত্ব এবং ভৌগলিক অখন্ডতা রক্ষায় অসাধারণ সাহস , বীরত্ব ও কর্তব্যনিষ্ঠা প্রদর্শন করেছিলেন ।

এরপর , রাজ্যসভায় শহীদদের স্মৃতিতে নীরবতা পালন করা হয় । পরে শূন্যকালে বিরোধী নেতা মল্লিকার্জ্জুন খার্গে নীট প্রশ্নপত্র ফাঁস এবং ছাত্র আন্দোলনের প্রসঙ্গ উত্থাপন করেন । বিরোধী সদস্যরা বিষয়টি নিয়ে আলোচনার দাবীতে অনড় থাকলে রাজ্যসভার কাজ প্রথমে বেলা ১২টা এবং পরে দুপুর ২টো পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয় ।

---

নীট-ইউ জি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পর এন টি এ এবং কেন্দ্রীয় সরকার কি কি সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণ করেছে সে ব্যাপারে সুপ্রীম কোর্ট উভয়কে হলফনামা দাখিল করার নির্দেশ দিয়েছে । বিচারপতি পি এস নরসিমা এবং বিচারপতি অলোক আরাধের ডিভিশন ব্যাঞ্চ এই সংক্রান্ত মামলার শুনানী গ্রহণ করে বলেছেন যে হলফনামায় শুধুমাত্র সাময়িক বা তাৎক্ষণিক পদক্ষেপের কথা নয় , কি কি দীর্ঘমেয়াদী সংস্কার নেওয়া হচ্ছে তারও ব্যাখ্যা থাকতে হবে । ব্যাঞ্চ জানিয়েছে যে তারা অত্যন্ত নিবিড়ভাবে বিষয়টি পর্যবেক্ষণ করবে এবং নিয়মিতভাবে এর অগ্রগতি খতিয়ে দেখবে । সম্পূর্ণভাবে অন-লাইন পদ্ধতিতে পরীক্ষা গ্রহণের জন্য কি কি পদক্ষেপ নেওয়া হচ্ছে সে বিষয়েও শীর্ষ আদালত কেন্দ্রের কাছে জানতে চেয়েছে । কেন্দ্রীয় সরকারের পক্ষে সলিসিটর জেনারেল তুষার মেহতা জানিয়েছেন যে ছাত্র ছাত্রীদের সমস্যা সমাধানে সরকার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছে । আদালতের সামনে একটি সামগ্রিক চিত্র অথবা একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা তুলে ধরার জন্য তিনি কিছুটা সময় চেয়ে নিয়েছেন । আগামী ২৭ জুলাই শুনানির পরবর্তী দিন ধার্য করা হয়েছে ।

---

রাজ্যের বন্যা পরিস্থিতি আজও জটিল রয়েছে । ২৫ টি জেলার বিস্তীর্ন অঞ্চল এখনও বন্যার কবলে রয়েছে । এবারের বন্যায় রাজ্যের দুই হাজার ২৩ টি গ্রামের ১০ লক্ষ ৬৩ হাজারেরও অধিক লোক ক্ষিয়র সম্মুখীন হয়েছেন ।এদিকে চলতি বছর বন্যায় মৃতের সংখ্যা ৪৭ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । আসাম রাজ্য দূর্যোগ ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের সূত্র অনুসারে সাম্প্রতিক বন্যায় ২৫ হাজার ৩৭৫ হেক্টরেরও অধিক কৃষিজমি প্লাবিত হয়েছে ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ ভিডিও কনফারেন্সিং ব্যাবস্থার মাধ্যমে বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাসমূহের বিধায়ক ,জেলা আয়ুক্ত ও শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে উদ্ধার ও সাহায্য অভিযানের অগ্রগতির খোঁজ নেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে হাফলং সহ পার্শ্ববর্তী এলাকায় বৃষ্টিপাতের ফলে লামডিং-বদরপুর পার্বত্য এলাকায় ট্রেন চলাচল ব্যহত হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে গতকালে রাতে নিউ হারেঙ্গাজাও রেল স্টেশনের এক ও দু নম্বর লাইনের নীচে প্রায় দুশ মিটার এলাকায় মাটি ধ্বসে পড়ায় রেল লাইন বেঁকে যায় । এরফলে জন নিরাপত্তার স্বার্থে এই দুই লাইনে ট্রেন চলাচল বন্ধ রাখা হয়েছে । বর্তমানে তিন নম্বর লাইনে ১০ কিলোমিটার গতি সীমা মেনে যাত্রী ও পণ্যবাহী ট্রেন চলাচল করায় বিলম্ব হচ্ছে । রেল কর্তৃপক্ষ জানিয়েছে , ক্ষতিগ্রস্ত অংশে দ্রুত মেরামতির কাজ চলছে এবং স্বাভাবিক পরিষেবা দ্রুত চালু করার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে ।

---

আজ উল্টোরথ । মাসির বাড়ীতে আটদিন থাকার পর আজ নবম দিনে জগন্নাথ দেব ,বলভদ্র ও সুভদ্রা ফিরে এসেছেন তাঁদের নিজ মন্দিরে ।

পুরীতে আজ # বহুদা যাত্রা # বা রথের পুর্নযাত্রা উপলক্ষ্যে শ্রী গুন্ডিচা মন্দির থেকে শ্রী জগন্নাথ মন্দিরে ভগবান জগন্নাথ , ভগবান বলভদ্র , দেবী সুভদ্রা এবং ভগবান সুদর্শনের আনুষ্ঠানিক প্রত্যাবর্তন যাত্রা প্রত্যক্ষ করার জন্য দেশ বিদেশ থেকে লক্ষ লক্ষ ভক্তদের সমাগম পরিলক্ষিত হয়েছে ।

রাজ্যের বিভিন্ন মঠ মন্দির আখড়ার সুসজ্জিত উল্টোরথ আজ মাসীর বাড়ী থেকে বের হয়ে বিভিন্ন সড়ক পরিক্রমা করে নিক নিজ মন্দিরে ফিরে এসেছে ।

বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দিতেও আজ উল্টো রথ উপলক্ষ্যে ধর্মীয় রীতি নীতি অনুসারে বিভিন্ন জগন্নাথ মন্দিরে বিশেষ পূজা , ভোগ নিবেদন , নাম সংকীর্তন ,প্রসাদ বিতরণ এবং উল্টো রথ টানার মধ্য দিয়ে ভক্তরা উৎসাহ উদ্দীপনায় দিনটি পালন করছেন । তিন জেলা প্রশাসনের পক্ষ থেকে নিরাপত্তা ও যানবাহন নিয়ন্ত্রণে বিশেষ ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে । কাছাড় জেলার গ্রাম শহর সর্বত্র আজ অগনিত ভক্ত স্বতস্ফুর্তভাবে উল্টোরথের রশিতে টান দিয়েছেন ।

শিলচর ইসকন মন্দির , শ্যামসুন্দর আখড়া , তারাপুরের মদনমোহন আখড়া , ভুবনেশ্বর সাধুঠাকুর আশ্রম ,ইটখোলা মণিপুরী পাড়া ,নৃসিংহ মন্দির ,ভকতপুর , রংপুর গৌড়িয় মঠ ইত্যাদির সুসজ্জিত রথ জগন্নাথ দেব ,বলভদ্র ও সুভদ্রাকে নিয়ে মাসীর বাড়ী থেকে বের হয়ে বিভিন্ন সড়ক পরিক্রমা করে নিজ নিজ মন্দিরে ফিরে আসে ।

হাইলাকান্দির বানেশ্বর শিব মন্দির , হাইলাকান্দি শিববাড়ী , রাধামাধব আখড়া , রাধারমণ সেবা সমিতির উল্টো রথ বের হয়ে বিভিন্ন সড়ক পরিক্রমা করে নিজ মন্দিরে ফিরে আসে ।
শ্রীভূমির গাছ কালিবাড়ী , টাউন কালিবাড়ী , মদন মোহন আখড়া , শ্রীভূমি ইস্কন মন্দিরের সুসজ্জিত উল্টোরথ বের হয়ে বিভিন্ন সড়ক পরিক্রমা করে নিজ মন্দিরে ফিরে আসে ।

.................................................................................................

আসাম বিনিয়োজন বিল ২০২৬ গতকাল বিধানসভায় মৌখিক ভোটে গৃহিত হয়েছে । ফলে বিধানসভায় গতকালই ২০২৬-২৭ অর্থ বছরের বাজেটে এই বিলটি অনুমোদন লাভ করেছে । অর্থমন্ত্রী জয়ন্ত মল্লবরুয়ার গত ১০ জুলাই বিধানসভায় দাখিল করা বাজেট অনুসারে এবার এই খাতে বাজেটে ব্যায়ের পরিমান ২ লক্ষ ৮৫ হাজার ৮৪ কোটি ৪৫ লক্ষ টাকা হবে । এর মধ্যে একত্রিত পুজির ব্যায়ের পরিমান ১ লক্ষ ৫৬ হাজার ৭শো ৪১ কোটি ৮৮ লক্ষ টাকা ধার্য করা হয়েছে । ষোড়শ বিধানসভার বাজেট অধিবেশনের আজ একাদশ দিনে শিক্ষামন্ত্রী রণোজ পেগু মাজুলী সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল ২০২৬ সভায় বিবেচনা করার জন্য উত্থাপন করেন । এছাড়াও সভায় আজ বেশ কয়েকটি সংকল্প প্রস্তাব উত্থাপন করা হয় ।

.................................................................................................

হাইলাকান্দির বিধায়ক ডক্টর মিলন দাস আজ বিধানসভার বাজেট অধিবেশনে ভূমি রাজস্ব ও ভূমি রেকর্ড সংক্রান্ত বিভিন্ন সমস্যার বিষয় উত্থাপন করেন । বিধায়ক ডক্টর দাস উত্তরাধিকার সূত্রে নামজারী , অনলাইন পার্টিশন পরিষেবার জটিলতা এবং একাধিক অংশীদার থাকা জমির ই-খাজনা প্রদানের বিষয়ে সরকারের দৃষ্টি আর্কষন করেন । জবাবে

রাজস্ব ও দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের মন্ত্রী কেশব মহন্ত জানান যে উত্তরাধিকার সূত্রে নামজারী সংক্রান্ত দীর্ঘদিনের সমস্যার সমাধানে সরকার ইতিমধ্যে একাধিক ব্যবস্থা গ্রহন করেছে । এছাড়া উত্তরাধকারীর নামে নামজারী , ভূমি রেকর্ডে নাম ও অন্যান্য তথ্য সংশোধন, কম্পোজিট ল্যান্ড সেল ট্রান্সফার সহ বিভিন্ন পরিষেবা এখন অনলাইনে উপলব্ধ করা হয়েছে বলে মন্ত্রী জানিয়েছেন । ই-খাজনা প্রদানের ক্ষেত্রে একাধিক অংশীদারের সমস্যা সমাধানে সরকার নতুন ব্যবস্থা চালুর প্রক্রিয়ায় রয়েছে বলে মন্ত্রী শ্রীমহন্ত জানিয়েছেন ।

---

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ স্কটল্যান্ডের গ্লাসগোতে অনুষ্ঠিত কমনোয়েলথ গেমসে অংশগ্রহণ করা ভারতীয় দলের খেলোয়াড়দের শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী রাধাকৃষ্ণণ এই প্রতিযোগীতায় ভারতীয় এথলিটরা দৃঢ়তা ও ক্রীড়াসুলভ মানসিকতার সঙ্গে অবতীর্ন হয়ে দেশকে গৌরবান্বিত করবে বলে আশা প্রকাশ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও কমনওয়েলথ গেমসে অংশগ্রহণ করা ভারতীয় দলের খেলোয়াড়দের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । শ্রী মোদী আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় ভারতীয় খেলোয়াড়রা প্রতিযোগীতায় উৎসাহ ,দৃঢ়তা ও উদ্যমের সঙ্গে অবতীর্ণ হবে বলে আস্থা প্রকাশ করেন । দেশের এথলিটদের দক্ষতা ও নিষ্ঠার মনোভাব অগণিত ভারতীয়দের উদ্বুদ্ধ করে আসছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

অসম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে ডিফুতে অনুষ্ঠিত আর জি বরুয়া অর্নূধ- ১৬ আন্তঃ জেলা ক্রিকেট প্রতিযোগীতায় আজ হাইলাকান্দি জেলা দল ৮৬ রানে শ্রীভূমি জেলা দলকে পরাজিত করেছে । প্রথমে ব্যাট করতে নেমে হাইলাকান্দি দল প্রথম ইনিংসে ১০৮ রানে অল আউট হয়ে যায় । জবাবে ব্যাট করতে নেমে সব উইকেট হারিয়ে শ্রীভূমি দল ৩৫ রান সংগ্রহ করে । প্রথম ইনিংসে উল্লেখ্যযোগ্য লিড নেওয়ার পর দ্বিতীয় ইনিংসে চার উইকেটে ৬৫ রান তুলে ইনিংস ঘোষনা করে হাইলাকান্দি দল । ১৭৪ রানের জবাবে শ্রীভূমি দল ৫২ রানে অল আউট হয়ে যায় । ফলে হাইলাকান্দি জেলা দল ৮৬ রানে জয়ী হয়ে দ্বিতীয় পর্বে পৌছে যায় ।